

ইসলাম শিক্ষা

ঐমান, আদাব ও তারবিয়াহ, ফিকহ, আয়াত ও হাদিস, ইসলামী ইতিহাস

কেডি

সংকলক

এস. এম. নাহিদ হামান

সম্পাদক

মাওলানা মুঈনুল ইসলাম



Al Quraner Vasha Institute

Block DHA, Mirpur 12, Dhaka

www.alquranervasha.com

+8801712529298



সূচিপত্র

১. ঈমান	6
১.১- ইসলাম ধর্মের মৌলিক বিষয়	7
১.২- তাওহীদ	8
১.৩- শির্ক	9
১.৪- সুনাত ও বিদআত	10
১.৫- তাকদীর	11
২. আদাব ও মাসনুন দু'আ	12
২.১- ঘর থেকে বের হওয়া ও ঘরে প্রবেশের দু'আ	13
২.২- মাসজিদে প্রবেশ ও বের হওয়ার দু'আ	14
২.৩- ঘুমানোর ও ঘুম থেকে উঠার দু'আ	15
২.৪- পড়ালেখা বিষয়ক দু'আ	16
২.৫- বিশেষ বিশেষ ক্ষেত্রে মাসনুন দু'আ	17
৩. ফিকহ	18
৩.১- অজু করার পদ্ধতি	19
৩.২- তায়াম্মুম করার পদ্ধতি	21
৩.৩- সালাত (নামাজ) এর অবস্থান	22
৩.৪- ফরয সালাতের পরে যিকর ও দু'আ	24
৩.৫- কালিমা	25
৪. হিফজুল কুরআন	26
৪.১- হিফজুল কুরআন	27
৪.২- কুরআনুল কারীমের উপদেশ	28
৫. হিফজুল হাদিস	32
৬. ইসলামী ইতিহাস	36
৬.১- ইব্রাহীম (আ.) এবং কাফির নমরুদ	37
৬.২- আব্দুল্লাহ ইবনু উমার (রা.) এবং একজন সৎ রাখাল	39
৬.৩- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইফতার	41

১. জৈমান

১.১- ইসলাম ধর্মের মৌলিক বিষয়



১. প্রশ্ন: তুমি কে?

উত্তর: আমি মুসলিম।

২. প্রশ্ন: তোমার ধর্ম কী?

উত্তর: আমার ধর্ম ইসলাম।

৩. প্রশ্ন: তোমার রব কে?

উত্তর: আমার রব আল্লাহ।

৪. প্রশ্ন: তোমার নাবী কে?

উত্তর: আমার নাবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)।

৫. প্রশ্ন: তোমার কিবলা কী?

উত্তর: আমার কিবলা পশ্চিম দিকে মক্কায় অবস্থিত কা'বা শরীফ।

৬. প্রশ্ন: তোমার ধর্মীয় কিতাব কী?

উত্তর: কুরআনুল কারীম।

৭. প্রশ্ন: কুরআনুল কারীম কী?

উত্তর: কুরআনুল কারীম হচ্ছে আল্লাহর বাণী।



১.৫- তাকদীর



১. প্রশ্ন: তাকদীর কি?

উত্তর: তাকদীর হলো আল্লাহ তায়ালা লিখিত বিষয়। আল্লাহ তায়ালা জানেন আমাদের জীবনে কী ঘটবে। তিনি সবকিছু আমাদের জন্মের আগেই ঠিক করে রেখেছেন।

২. প্রশ্ন: তাকদীর কি পরিবর্তন হতে পারে?

উত্তর: না। তবে কিছু কিছু তাকদীর ভালো কাজ ও দু'আর মাধ্যমে পরিবর্তন হতে পারে।

৩. তাকদীর বিশ্বাস করলে আমাদের কী করা উচিত?

উত্তর: তাকদীর বিশ্বাস করলে আমাদের ভালো কাজ করতে হবে, আল্লাহর উপর ভরসা রাখতে হবে এবং সব কষ্টে ধৈর্য ধরতে হবে।



২. আদাব ও মাসনূন দু'আ



২.১- ঘর থেকে বের হওয়া ও ঘরে প্রবেশের দু'আ



১. ঘর থেকে বের হয়ে বলা:

بِسْمِ اللَّهِ تَوَكَّلْتُ عَلَى اللَّهِ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ

২. ঘরে প্রবেশের সময় বলা:

بِسْمِ اللَّهِ وَلَجْنَا، وَبِسْمِ اللَّهِ خَرَجْنَا، وَعَلَى اللَّهِ رَبَّنَا تَوَكَّلْنَا



২.৩- ঘুমানোর ও ঘুম থেকে উঠার দু'আ



১. ঘুমানোর সময় বলা:

اللَّهُمَّ بِاسْمِكَ أَمُوتُ وَأَحْيَا

২. ঘুম থেকে উঠার সময় বলা:

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النُّشُورُ



৩. ফিকহ



৩.১- অজু করার পদ্ধতি

যখন আমরা অজুর করার নিয়ত (ইচ্ছা) করব
তখন আমরা প্রথমে পরিষ্কার পরিচ্ছন্ন পানি নিয়ে পবিত্র জায়গায় বসব
এবং অজুর শুরুতে بِسْمِ اللَّهِ বলে নিচের পদ্ধতিগুলোর মাধ্যমে অজু করব।



১। দুই হাতের কজি ধুবো।



২। তিনবার কুলি করব।



৩। তিনবার নাকে পানি দিবো।



৪। তিনবার সমস্ত মুখমণ্ডল ধুবো।

৪. শিফাডুল কুরআন

[سُورَةُ الْمَاعُونِ]

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

أَرَأَيْتَ الَّذِي يُكَذِّبُ بِالْإِيمَانِ (১) فَذَلِكَ الَّذِي يَدْعُ الْيَتِيمَ (২) وَلَا يَحْضُ عَلَى
طَعَامِ الْمِسْكِينِ (৩) فَوَيْلٌ لِلْمُصَلِّينَ (৪) الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ (৫)
الَّذِينَ هُمْ يُرَاءُونَ (৬) وَيَمْنَعُونَ الْمَاعُونَ (৭)

৪.২- কুরআনুল কারীমের উপদেশ



১- فَاَعْلَمَ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ

অতএব (তুমি) জেনে রাখো যে, আল্লাহ ছাড়া কোনো (সত্য) ইলাহ নেই।



২- إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ

নিশ্চয়ই আল্লাহর নিকট (একমাত্র) ধীন হচ্ছে ইসলাম।

৬. শিফাউল শাদিস



১০- قَالَ الرَّسُولُ ﷺ: رَضِيَ الرَّبُّ فِي رَضَى الْوَالِدِ

রাসূল ﷺ বলেছেন: আল্লাহর সন্তুষ্টি পিতামাতার সন্তুষ্টির মধ্যে।



১১- قَالَ الرَّسُولُ ﷺ: إِنَّ الْبِرَّ يَهْدِي إِلَى الْجَنَّةِ

রাসূল ﷺ বলেছেন: সৎকাজ (মানুষকে) জান্নাতে নিয়ে যায়।



১২- قَالَ الرَّسُولُ ﷺ: أَنَّ الْفُجُورَ يَهْدِي إِلَى النَّارِ

রাসূল ﷺ বলেছেন: পাপকাজ (মানুষকে) জাহান্নামে নিয়ে যায়।

৬. ইসলামী ইতিহাস

৬.১- ইব্রাহীম (আ.) এবং কাফির নমরুদ



আল্লাহর নবী ইব্রাহীম আলাইহিস সালামের সময়ে নমরুদ নামে এক অত্যাচারী রাজা ছিল। সে নিজেকে খোদা দাবি করেছিল। একদিন ইব্রাহীম আলাইহিস সালাম তার সাথে বিতর্ক করতে গেলেন। যুক্তি তর্কের মাধ্যমে যাতে তিনি নমরুদকে বোঝাতে পারেন যে আল্লাহই একমাত্র সত্যিকারের ইলাহ।

ইব্রাহীম আলাইহিস সালাম নমরুদকে বললেন, “আল্লাহ হচ্ছেন তিনি যিনি জীবন দেন এবং মৃত্যু দেন”। তখন নমরুদ দুজন কারাবন্দীকে ডাকল, যাদেরকে মৃত্যুদণ্ড দেয়া হয়েছে। তাদের মধ্যে একজনকে সে দণ্ড না দিয়ে ছেড়ে দিল। আরেকজনকে সে হত্যা করল। তারপর বলল, “আমিও জীবন দিতে পারি এবং মৃত্যু দিতে পারি”।

৬.৩- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইফতার




আনাস ইবনে মালিক ছিলেন আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একজন সাহাবী। সাহাবী আনাস রদিয়াল্লাহু আনহুর সুযোগ হয়েছিল নবীজী (সা.) এর সমস্ত আদব কাছ থেকে দেখার এবং শিখে নেয়ার।

একদিন নবী সা সাওম রেখেছিলেন এবং আনাস (রা.) তা জানতেন। আনাস (রা.) তাঁর জন্য দুধ এবং কিছু খেজুর আনলেন আর তাঁর আসার জন্য অপেক্ষা করতে লাগলেন। সূর্য অস্ত গেল, সন্ধ্যা হল কিন্তু নবীজী (সা.) ঘরে ফিরলেন না। আনাস (রা.) তখন উদ্ভিগ্ন হয়ে পড়লেন, কিন্তু তিনি নিজেকে এই বলে বোঝাতে লাগলেন যে, হয়ত নবী সা কে অন্য কোথাও ইফতার করার জন্য অনুরোধ করা হয়েছে।



মক্কা- সৌদি আরবের শহর মক্কায় অবস্থিত কা'বা হচ্ছে বাইতুল্লাহ বা আল্লাহর ঘর। আমরা হজ্জের সময় কা'বাঘর তাওয়াফ করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় জন্মগ্রহণ করেছেন।



মদীনা- ইসলামের দ্বিতীয় পবিত্র শহর মদীনা। হিজরতের পর থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় বসবাস করেছেন, সর্ব প্রথম ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করেছেন এবং এখানে ইন্তিকাল করেছেন।